সমকাল

তারিখ ........ 6 APR 2017
পৃষ্ঠা ...... কলাম ......

# বাকৃবিতে ছাত্রদলের পিটুনিতে ছাত্রলীগের আট কর্মী আহত

■ বাকৃবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) শাখা ছাত্রলীগ কর্মীদের বেধড়ক পিটিয়েছে ছাত্রদলের কর্মীরা। এতে ছাত্রলীগের আট নেতাকর্মী আহত হন। গতকাল বুধবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের কেওয়াটখালী প্রধান ফটকের কাছে এ ঘটনা ঘটে। আহতরা হলেন আশিক মাহমুদ, হাসান বিশ্বাস নীরব, রাসেল আহাম্মেদ, বিকাশ ঘোষ, কামরুল হাসান সিদ্দিকী, আলমগীর রায়হান জুয়েল, ইমতিয়াজ আবীর ও শামীম আকরাম।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মিয়া মোহাম্মদ রুবেল বলেন, ক্যাম্পাসে বিশৃঙ্খলা সৃষ্টি করার জন্য ছাত্রদলের নেতাকর্মীরা লিফলেট বিতরণের নাটক করেছে। বিশৃঙ্খলা ঠেকাতে গিয়ে ছাত্রলীগের কর্মীরা আহত হয়েছে।

ছাত্রদলের সাধারণ সম্পাদক জসিমউদ্দিন জনি বলেন, সুশৃঙ্খলভাবে লিফলেট বিতরণে ছাত্রলীগের কর্মীরা বাধা দেয়। একপর্যায়ে তারা হামলা চালাতে শুরু করলে আমরা প্রতিহত করার চেষ্টা করি। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. মো. আজহারুল ইসলাম বলেন, তদন্ত করে এ বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং ........
তারিখ ........
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর